গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
অর্থ শাখা
www.doict.gov.bd

নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০১০.২০.০০০১.২৬.৬৪

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

প্রাপক:
১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দিনাজপুর।
২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

বিষয়: **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা/উপজেলা কার্যালয়ে দৈনিক হাজিরার ভিত্তিতে সাময়িকভাবে নিয়োজিত ০২ (দুই) জন অফিস সহায়কের মজুরি বরাদ্দের মঞ্জুরী প্রদান।**

সূত্র: ০১। অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখার স্মারক নম্বর ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১৩০; তারিখ: ২২/০৫/২০২৫ খ্রি.
০২। এ দপ্তরের স্মারক নম্বর ৫৬.০৪.০০০০.০০৮.১১.০১৩.১৮-৮৬০/১; তারিখ: ২৮/০৮/২০১৮ খ্রি.
০৩। এ দপ্তরের স্মারক নম্বর ৫৬.০৪.০০০০.০০৮.১১.০০৭.১৬-২৪০; তারিখ: ০৯/০২/২০১৭ খ্রি.

অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখা ২২/০৫/২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১৩০; সংখ্যক স্মারকের আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা/উপজেলা কার্যালয়ে দৈনিক হাজিরার ভিত্তিতে সাময়িকভাবে ০২ (দুই) জন অফিস সহায়ক কর্মরত রয়েছে। অর্থ বিভাগের "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী জেলা/উপজেলা এলাকার দৈনিক ভিত্তিতে নিয়োজিত সাময়িক শ্রমিকের দৈনিক মজুরির হার ৭০০/- (সাতশত) টাকা হারে মাসিক ২২ দিন ধরে এ মজুরি প্রদান করা হলো। সেহেতু জেলা কার্যালয়ের ০১ (এক) জন শ্রমিকের মজুরি ১,৮৪,৮০০.০০ টাকা এবং উপজেলা কার্যালয়ের ০১ (এক) জন শ্রমিকের মজুরি ১,৮৪,৮০০.০০ টাকা সর্বমোট ৩,৬৯,৬০০.০০ (তিন লক্ষ উনসত্তর হাজার ছয়শত) টাকার মঞ্জুরী প্রদান করা হলো।

০২। বর্ণিত ব্যয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের চলতি ২০২৬-২৭ অর্থ বছরের জেলা ও উপজেলা কার্যালয়ের শ্রমিক (অনিয়মিত) মজুরি-৩২১১১৩৪ কোড হতে বাজেট বরাদ্দকৃত অর্থ হতে ব্যয় নির্বাহ করা হবে।

| ক্রমিক নং | কার্যালয়ের নাম | জেলা/উপজেলা | সর্বমোট |
|---|---|---|---|
| ০১ | জেলা কার্যালয় | দিনাজপুর | ১,৮৪,৮০০.০০ |
| ০২ | উপজেলা কার্যালয় | কোম্পানীগঞ্জ, নোয়াখালী | ১,৮৪,৮০০.০০ |
| সর্বমোটঃ তিন লক্ষ উনসত্তর হাজার ছয়শত টাকা মাত্র | | | ৩,৬৯,৬০০.০০ |

০৩। উক্ত অর্থ সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা বরাবর ন্যস্ত করা হলো । এই অর্থ সরকারি অর্থ ব্যয় সংক্রান্ত প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ পূর্বক ব্যয় করতে হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৫। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,

২৫-০৮-২০২৬
মো: আরিফুর রহমান
উপপরিচালক (প্রতিভূ)

ফোন : +৮৮০ ২৪১ ০২৪০৭০
ইমেইল : ddfinance@doict.gov.bd

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০০.০১০.২০.০০০১.২৬.৬৪/১ (৮)

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। উপপরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৪। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৫। প্রোগ্রামার, জেলা কার্যালয়, দিনাজপুর।।
৬। সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।।
৭। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৮। অফিস কপি।

২৫-০৮-২০২৬
মো: আরিফুর রহমান
উপপরিচালক (প্রতিভূ)